দৈনিক বাংলা 05

তারিখ 05 FEB 1992
পৃষ্ঠা 7 কলাম 4

(20)

# সন্ত্রাস অরাজকতা দূর করা হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দীন সরকার বলেন, গণতন্ত্রের যথার্থ বিকাশের জন্য আইনের শাসন অপরিহার্য।

তিনি বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার লক্ষে সমাজের প্রতিটি স্তর থেকে সন্ত্রাস ও অরাজকতা দূর করবে।

শিক্ষামন্ত্রী মঙ্গলবার ইডেন কলেজ ছাত্রী সংসদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। কলেজের

(আটের পাতায় ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী (প্রথম পৃঃ পর)

অধ্যক্ষা জাহানারা বেগমের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বস্ত্র প্রতিমন্ত্রী মেজর (অবঃ) আবদুল মান্নান, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ উইনুস খান, জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় নেতা ফজলুল হক মিলন, রোকেয়া হলছাত্রী সংসদের সহ-সভানেত্রী শিরিন সুলতানা, কলেজ ছাত্রী সংসদের সহ-সভানেত্রী হেলেন জেরিন খান ও সাধারণ সম্পাদিকা সাইমুন বেগম সাইমুন বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষাঙ্গনে শান্তি ও শৃংখলা বজায় রাখার লক্ষ্যে ছাত্র সমাজকে ঐক্যবদ্ধ থাকতে হবে এবং সতর্ক দৃষ্টি রাখতে হবে। খবর তথ্য বিবরনীর।